

2023/TDC(CBCS)/ODD/SEM/  
BNGHCC-301T/358

TDC (CBCS) Odd Semester Exam., 2023

BENGALI  
( Honours )

( 3rd Semester )

Course No. : BNGHCC-301T

( বাংলা ভাষাতত্ত্ব )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো দুটি প্রশ্ন নিয়ে দশটি প্রশ্নের উত্তর

দাও :

২×১০=২০

UNIT—I

- ১। প্রাচীন ভারতীয় আৰ্যভাষার কালগত সীমা উল্লেখ করো এবং ওই সময়ের প্রাচীনতম নিদর্শন কোনটি, লেখো।
- ২। মধ্যভারতীয় আৰ্যভাষার সংক্ষিপ্ত ইংরেজি পরিভাষা কী? অশোকের অনুশাসনগুলি ভারতীয় আৰ্যভাষার কোন্ স্তরের নিদর্শন?

- ৩। মাগধী প্রাকৃতের পূর্বা ও পশ্চিমা শাখা থেকে কয়টি নব্য-ভারতীয় আৰ্যভাষার জন্ম হয়েছে? মাগধী প্রাকৃতজাত যে কোনো একটি নব্য-ভারতীয় আৰ্যভাষার নাম লেখো।

UNIT—II

- ৪। বাংলা ভাষার হাজার বছরের বিবর্তনের ইতিহাসকে কয়টি স্তরে ভাগ করা হয়েছে? স্তরগুলোর নাম লেখো।
- ৫। 'কাআ তরুবার পঞ্চবি ডাল'—এটি কোন্ স্তরের বাংলা ভাষার নিদর্শন? এই স্তরের বাংলা ভাষার প্রামাণ্য নিদর্শনটির নাম কী?
- ৬। অন্ত্য-মধ্য বাংলায় প্রচুর বিদেশি শব্দ ও প্রত্যয় গৃহীত হয়েছিল। এরূপ দুটি বিদেশি ভাষার নাম করো।

UNIT—III

- ৭। কোন্ উপভাষায় নামধাতুর বহুল ব্যবহার দেখা যায়? একটি উদাহরণ দাও।
- ৮। করিয়া > কইর্যা > করে—অভিশ্রুতিঘটিত এই পরিবর্তনটি কোন্ উপভাষার অন্যতম বৈশিষ্ট্য?
- ৯। মানসিক বিশ্বাস ও ধর্মীয় সংস্কারের ফলে ঘটিত শব্দার্থ পরিবর্তনের দুটি উদাহরণ দাও।

UNIT—IV

- ১০। বাংলা বাক্যের পদক্রমের মূল সূত্র বা পারম্পর্যটি কী? একটি বাক্য গঠন করে উদাহরণ দাও।
- ১১। আদিস্বরলোপ ও অন্ত্যস্বরলোপের একটি করে উদাহরণ দাও।

- ১২। ঐতিহ্যগত ব্যাকরণে প্রথমে বাক্যকে উদ্দেশ্য ও বিধেয়—এই দুটি অংশে ভাগ করা হয়—একটি বাক্য গঠন করে উদ্দেশ্য ও বিধেয় চিহ্নিত করো।

### UNIT—V

- ১৩। ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো—চালাকচতুর।
- ১৪। সমস্ত পদ ও বিগ্রহ বাক্যের একটি করে উদাহরণ দাও।
- ১৫। নিম্নরেখ পদগুলিতে কোন্ কারকে, কোন্ বিভক্তি হয়েছে, লেখো:
- বিপদে মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা,  
বিপদকে যেন করিতে পারি জয়।

### SECTION—B

প্রতিটি ইউনিট থেকে একটি করে প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১০×৫=৫০

### UNIT—I

- ১৬। উদাহরণসহ প্রাচীন ভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি নির্দেশ করো।
- ১৭। নব্য-ভারতীয় আর্যভাষাগুলির সাধারণ বৈশিষ্ট্যের পরিচয় দাও।

### UNIT—II

- ১৮। অন্ত্য-মধ্য বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দাও।
- ১৯। উদাহরণসহ আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলি নির্দেশ করো।

UNIT—III

- ২০। উদাহরণসহ বঙ্গালী উপভাষার প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও।
- ২১। শব্দার্থ পরিবর্তনের যে কোনো দুটি ধারার উদাহরণসহ বিস্তারিত আলোচনা করো।

UNIT—IV

- ২২। আলঙ্কারিক বিশ্বনাথ কবিরাজ শুদ্ধ ও পূর্ণাঙ্গ বাক্য গঠনের জন্য যে তিনটি শর্তের কথা বলেছেন, উদাহরণসহ সেগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ২৩। ধ্বনির আগম—ধ্বনি পরিবর্তনের এই ধারাটি দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো।

UNIT—V

- ২৪। তৎপুরুষ সমাস কাকে বলে? যে কোনো চার প্রকার তৎপুরুষ সমাসের উদাহরণসহ সংজ্ঞা লেখো।
- ২৫। অধিকরণ কারক প্রধানত কয় প্রকার? সেগুলি কী কী? প্রত্যেকটির সংজ্ঞা লেখো ও উদাহরণ দাও।

★ ★ ★